দৈনিক বাংলা

তারিখ 13 AUG 1993
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

# অভিযুক্তদের গ্রেফতার করুন ঃ ভার্সিটি শিক্ষক সমিতি ফেডারেশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন আগামী ২০ আগস্টের মধ্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সন্ত্রাস আইনে দায়েরকৃত মামলার অভি-যুক্তদের গ্রেফতার করার দাবী জানিয়েছে। না হলে বিশ্ববিদ্যালয় শিক্ষকরা ২১ থেকে ২৬ আগস্ট পর্যন্ত প্রতিদিন সকাল দশটা থেকে এগারোটা পর্যন্ত একঘন্টা কর্মবিরতি পালন করবেন।

আগামী ২৬ আগস্ট পরিস্থিতি পর্যা-লোচনা করে ফেডারেশন পরবর্তী কর্মসূচী নেবে।

বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে অনুষ্ঠিত এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। ফেডারেশন সভাপতি প্রফেসর খন্দকার মুস্তাহিদুর রহমান এতে সভাপতিত্ব করেন।

সভায় গৃহীত প্রস্তাবে সরকারী আশ্বাস সত্ত্বেও ১৫ দিনের মধ্যে কোন সন্ত্রাসী গ্রেফতার না হওয়ায় ক্ষোভ প্রকাশ করা হয়। প্রস্তাবে বলা হয় ঃ অভিযুক্ত দুষ্কৃতকারী ও সন্ত্রাসীদের কেউ কেউ সাংবাদিক সম্মেলনে অসত্য ও বিদ্বেষমূলক বিবৃতি দিয়ে প্রকৃত ঘটনা বিকৃত করার অপচেষ্টা চালাচ্ছে। সরকারের নির্লিপ্ততা ও নিষ্ক্রিয়তা শিক্ষকদের সম্ভ্রমবোধসহ শিক্ষার সুষ্ঠু পরিবেশ পুনঃপ্রতিষ্ঠা করে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার পথে বাধা হয়ে দাঁড়াচ্ছে।

অপর এক প্রস্তাবে ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ১৯৭৩ সালে স্বায়ত্তশাসন সংবলিত গণতান্ত্রিক অধ্যাদেশসমূহ সংশোধনের সরকারী পরিকল্পনায় উদ্বেগ প্রকাশ করা হয়। প্রস্তাবে বলা হয় ঃ সরকার ফেডারেশন ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতিগুলোর সঙ্গে কোন পরামর্শ না করে অধ্যাদেশ বদলানোর কোন উদ্যোগ নিলে তা কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। খবর প্রেস বিজ্ঞপ্তির।